

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭৭

২/ সালাত (নামায) (১লান্টা)

পরিচ্ছেদঃ সালাত ভুলে ঘুমিয়ে পড়লে।

باب مَا جَاءَ فِي النَّوْمِ عَنِ الصَّلاَةِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْد، عَنْ ثَابِتِ الْبُنَانِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَبَاحِ الأَنْصَارِيِّ، عَنْ أَبِي قَتَادَةَ، قَالَ ذَكَرُوا لِلنَّبِيِّ صلى الله عليه وسلم نَوْمَهُمْ عَنِ الصَّلَاةِ فَقَالَ " إِنَّهُ لَيْسَ فِي النَّوْمِ تَفْرِيطٌ إِنَّمَا التَّفْرِيطُ فِي الْيَقَظَةِ فَإِذَا نَسِيَ أَحَدُكُمْ صَلَاةً أَوْ نَامَ عَنْهَا فَلْيُصَلِّهَا إِذَا ذَكَرَهَا " . وَفِي الْبَابِ عَنِ ابْنِ مَسْعُودٍ وَأَبِي مَرْيَمَ وَعِمْرَانَ بْنِ حُصَيْنِ فَجُبَيْرِ بْنِ مُطْعِمٍ وَأَبِي جُحَيْفَةَ وَأَبِي سَعِيد وَعَمْرِو بْنِ أَمَيَّةَ الضَّمْرِيِّ وَذِي مِخْبَرٍ وَيُقَالُ وَجُبَيْرِ بْنِ مُطْعِمٍ وَأَبِي جُحَيْفَةَ وَأَبِي سَعِيد وَعَمْرِو بْنِ أَمْيَّةَ الضَّمْرِيِّ وَذِي مِخْبَرٍ وَيُقَالُ لَكِمْ مَنِ وَمُولَ ابْنُ أَخِي النَّجَاشِيِّ . قَالَ أَبُو عِيسَى وَحَديثُ أَبِي قَتَادَةَ حَديثٌ حَسَنٌ صَحَدِيحٌ . وَقَدِ اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الرَّجُلِ يَنَامُ عَنِ الصَّلَاةِ أَوْ يَنْسَاهَا فَيَسْتَيْقِظُ أَوْ صَحِيحِ " . وَقَدِ اخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الرَّجُلِ يَنَامُ عَنِ الصَّلَاةِ أَوْ يَنْسَاهَا فَيَسْتَيْقِظُ أَوْ يُنَامَ عَنْ الْمَالِكِ . وَقَالَ بَعْضَهُمْ لَا يُصَلِّيهَا إِذَا اسْتَيْقَظَ أَوْ ذَكَرَ وَإِنْ كَانَ عِنْدَ طُلُوعِ الشَّمْسِ أَوْ عِنْدَ غُرُوبِهَا . فَقَالَ بَعْضَهُمْ لَا يُصَلِّيهَا إِذَا اسْتَيْقَظَ أَوْ ذَكَرَ وَإِنْ كَانَ عِنْدَ طُلُوعِ الشَّمْسِ أَوْ عِنْدَ غُرُوبِهَا . وَهُو قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ وَالشَّافِعِيِّ وَمَالِكٍ . وَقَالَ بَعْضَهُمْ لَا يُصَلِّي حَتَّى تَطْلُعُ الشَّمْسُ أَوْ وَالشَّافِعِي وَمَالِكٍ . وَقَالَ بَعْضَهُمْ لَا يُصَلِّي حَتَّى تَطْلُعُ الشَّمْسُ أَوْ وَالشَّافِعِي وَمَالِكٍ . وَقَالَ بَعْضُهُمْ لَا يُصَلِّي حَتَّى تَطْلُعُ الشَّمْسُ أَوْ وَالْتَالْ الْمَالِكِ . وَقَالَ بَعْضُهُمْ لَا يُصَلِّي حَتَى تَطْلُعُ الشَّمْ الْقَالَ الْسَّعُولُ الْقُولُ الْمَالِكِ . وَقَالَ بَالْمَ

বাংলা

১৭৭. কুতায়বা (রহঃ) আবূ কাতাদা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন, লোকেরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট সালাত ভুলে ঘুমিয়ে পড়া সম্পর্কে জিজ্ঞাসা করলে তিনি বললেন নিদ্রার বেলায় কোন গোনাহ নেই, গোনাহ হল জাগ্রত থাকার বেলায়। তোমাদের কেউ যদি সালাত আদায় করতে ভুলে যায় বা ঘুমিয়ে পড়ে তবে যে সময়ই মনে পড়বে তা আদায় করে নিবে। - ইবনু মাজাহ ৬৯৮, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৭৭ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবন মাসউদ, আবূ মারয়াম, ইমরান, ইবনু হুসায়ন, জুবায়র ইবনু মুতইম, আবূ জুহায়ফা, আবূ সাঈদ,



আমর ইবনু উমায়্যা আয় যামরী এবং যূ-মিখবার রাদিয়াল্লান্থ আনন্থ থেকেও হাদিস বর্ণিত আছে। যূ-মিখবারকে যু-মিখমারও বলা হয়। তিনি হলেন নাজশীর ভ্রাতুপুত্র। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ আবূ কাতাদা রাদিয়াল্লান্থ আনন্থ এর হাদিসটি হাসান ও সহীহ। যদি সালাতের আগে ঘুমিয়ে যায় বা তা আদায় করতে ভুলে যায় পরে সে যদি ঠিক সূর্যোদয় বা সূর্যান্তের বেলায় অর্থাৎ এমন সময় জাগ্রত হয় বা সালাতের কথা তাঁর স্মরণ হয় যে সময়টি সালাতের ওয়াক্ত নয়, তবে সে ব্যক্তিকে কি করতে হবে এই বিষয়ে আলিমদের মধ্যে মতবিরোধ রয়েছে। কোন কোন আলিম বলেন সূর্যোদয় বা সূর্যান্তের সময় হলেও যে সময়ই সে ব্যক্তি জাগরিত হবে বা সালাতের কথা তাঁর মনে পড়বে সে সময়ই সে তা আদায় করে নিবে। ইমাম আহমদ, ইসহাক, শাফিঈ ও মালিক (রহঃ) এর অভিমতও এ-ই। অপর একদল বলেন সূর্যোদয় বা সূর্যান্ত পূর্ণভাবে না হওয়া পর্যন্ত সে সালাত পড়বে না।

English

Abu Qatadah narrated:

"They asked the Prophet about when they slept past the Salat. He said: 'There is no negligence in sleep, negligence is only while one is awake. So when one of you forgets a Salat, or sleeps through it, then let him pray it when he remembers it.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবু কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন